

## 🗏 আল-মুলক | Al-Mulk | اَلْمُلْك

আয়াতঃ ৬৭: ৯

## 💵 আরবি মূল আয়াত:

قَالُوا بَلَى قَد جَآءَنَا نَذِيرٌ فَكَذَّبنَا وَ قُلنَا مَا نَزَّلَ اللّٰهُ مِن شَيءٍ إِن اَنتُم إِلَّا فِي ضَلَلِ كَبِيرٍ ﴿٩﴾

## 

তারা বলবে, 'হ্যাঁ, আমাদের নিকট সতর্ককারী এসেছিল। তখন আমরা (তাদেরকে) মিথ্যাবাদী আখ্যায়িত করেছিলাম এবং বলেছিলাম, 'আল্লাহ কিছুই নাযিল করেননি। তোমরা তো ঘোর বিদ্রান্তিতে রয়েছ'। — আল-বায়ান তারা জবাব দিবে, 'হ্যাঁ, অবশ্যই আমাদের কাছে সতর্ককারী এসেছিল, কিন্তু আমরা তাদেরকে অস্বীকার করেছিলাম আর আমরা বলেছিলাম, 'আল্লাহ কোন কিছুই অবতীর্ণ করেননি, তোমরা তো ঘোর বিদ্রান্তিতে পড়ে আছ।' — তাইসিক্রল

তারা বলবেঃ অবশ্যই আমাদের নিকট সতর্ককারী এসেছিল, আমরা তাকে মিথ্যাবাদী গণ্য করেছিলাম এবং বলেছিলামঃ আল্লাহ কিছুই অবতীর্ণ করেননি, তোমরাতো মহা বিভ্রান্তিতে রয়েছ। — মুজিবুর রহমান

They will say," Yes, a warner had come to us, but we denied and said, 'Allah has not sent down anything. You are not but in great error.'" — Sahih International

৯. তারা বলবে, হ্যাঁ, অবশ্যই আমাদের কাছে সতর্ককারী এসেছিল, তখন আমরা মিথ্যারোপ করেছিলাম এবং বলেছিলাম, আল্লাহ কিছুই নাযিল করেননি, তোমরা তো মহাবিভ্রান্তিতে রয়েছ।

তাফসীরে জাকারিয়া

- (৯) তারা বলবে, 'অবশ্যই আমাদের নিকট সতর্ককারী এসেছিল, কিন্তু আমরা তাদেরকে মিথ্যাবাদী গণ্য করেছিলাম এবং বলেছিলাম, আল্লাহ কিছুই অবতীর্ণ করেননি, তোমরা তো মহা বিভ্রান্তিতে রয়েছ।'[1]
  - [1] অর্থাৎ, আমরা পয়গম্বরদেরকে সত্যজ্ঞান করার পরিবর্তে তাঁদেরকে মিথ্যাজ্ঞান করেছিলাম। আসমানী কিতাবসমূহকে একেবারে অস্বীকার করেছিলাম। এমনকি আল্লাহর পয়গম্বরদেরকে আমরা বলেছিলাম যে, তোমরা বড়ই ভ্রষ্টতার মধ্যে আছ।





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5250

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন